

AP-2
২০/০৬/১৭

গোপনীয়
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৫--১০৬

তারিখ : ০১/০৫/২০১৬ইং

৩৪তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নয় এমন প্রার্থীদের মধ্য হতে নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে চূড়ান্ত ফলাফল প্রকাশ সংক্রান্ত কমিশনের ০৯/১২/২০১৫ইং তারিখের প্রেস বিজ্ঞপ্তিতে তথ্য বিদ্রাট/প্রশাসনিক কারণে রেজিঃ নম্বর-০৩৯০৩৯, ৪০৮৮০৮ ও ০৩০৯৫৪ এর ফলাফল/সুপারিশ কমিশন কর্তৃক স্থগিত রাখা হয়। পরবর্তীতে উক্ত ০৩ জন প্রার্থী কমিশন কর্তৃক গঠিত কমিটির নিকট প্রয়োজনীয় কাগজপত্র/সনদপত্র/ডকুমেন্ট দাখিল করেন। প্রার্থীদের দাখিলকৃত কাগজপত্রাদি প্রাথমিকভাবে যথাযথ বিবেচিত হওয়ায় কমিশন কর্তৃক গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী সরকারী কর্ম কমিশন স্থগিতকৃত ০৩ জন প্রার্থীর ফলাফল ঘোষণার সিদ্ধান্ত গ্রহণ করে। কমিশন কর্তৃক সাময়িকভাবে (provisionally) সুপারিশকৃত ০৩ (তিন) জন প্রার্থীর পদের নাম ও রেজিস্টেশন নম্বর নিম্নে দেয়া হলো :

(১) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন নিবন্ধন পরিদপ্তর।

পদের নাম : সাব-রেজিস্ট্রার


রেজিঃ নম্বর- ০৩৯০৩৯, ৪০৮৮০৮ ও ০৩০৯৫৪ = ০৩ জন।

২। পরবর্তীকালে যে কোনো সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, জালিয়াতি বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ হলে তাকে চাকুরি হতে বরখাস্ত ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রার্থীদের নিয়োগ প্রদান করবে।

৩। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত অংগীকারনামার ভিত্তিতে প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে কমিশন এই শর্তে প্রার্থীদের সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পুলিশি তদন্তের মাধ্যমে কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৪। প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

[পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]


(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)